

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
মাননীয় মন্ত্রীর দপ্তর

### প্রেস বিজ্ঞপ্তি

নং-২০২১/১/১৪-১

সাম্প্রদায়িকতার বিষবাস্প যারা ছড়ায় তাদের বিরুদ্ধে সোচ্চার হতে হবে - শ ম রেজাউল করিম

পিরোজপুর, ১৪ জানুয়ারি ২০২১ (বৃহস্পতিবার)

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী শ ম রেজাউল করিম এমপি বলেছেন, “আমরা যে ধর্মের মানুষ হইনা কেন, আর যেখানেই থাকি না কেন আমাদের মনুষ্যত্বের কথা বলতে হবে। সাম্যের কথা বলতে হবে, অসম্প্রদায়িকতার কথা বলতে হবে। সাম্প্রদায়িকতার বিষবাস্প যারা ছড়ায় তাদের বিরুদ্ধে সোচ্চার হতে হবে।”

বৃহস্পতিবার (১৪ জানুয়ারি) পিরোজপুরের নাজিরপুরে পুরুষোত্তম মঠ ও পুরুষোত্তম যোগাশ্রম ট্রাস্ট আয়োজিত উত্তরাঞ্চল সংক্রান্তি (গৌসাই নবান্ন), বৈদিক যজ্ঞ, ১৪২৭ বঙ্গাব্দ ও পুরুষোত্তম মঞ্চের উদ্বোধন অনুষ্ঠানে মন্ত্রী এসব কথা বলেন।

পুরুষোত্তম মঠ ও পুরুষোত্তম যোগাশ্রম ট্রাস্টের প্রতিষ্ঠাতা কুমার আচার্যের সভাপতিত্বে অনুষ্ঠানে নাজিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ ওবায়দুর রহমান, সহকারী কমিশনার (ভূমি) ফাহিম মো. সায়েফ, নাজিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ সেবাশ্রমের প্রধান পরিতোষ তরুয়া, পিরোজপুর জেলা শিক্ষক সমিতির সভাপতি সুখরঞ্জন বেপারী, পূজা পরিষদের সাধারণ সম্পাদক গোপাল বসু, যুগ্ম সাধারণ সম্পাদক দোলা গুহসহ স্থানীয় আওয়ামী লীগ ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।

মন্ত্রী আরো বলেন, "আমাদের পূর্বপুরুষরা সমাজকে আজকের জায়গায় নিয়ে আসতে অনেক ত্যাগ স্বীকার করেছেন। আসুন সম্মিলিতভাবে দৃঢ়তার সাথে অন্যায্য-অবিচারের বিরুদ্ধে কথা বলি, সত্যের কথা বলি। সবাই মিলে সুন্দর বাংলাদেশ বিনির্মাণ করি।"

এ সময় শ ম রেজাউল করিম আরও যোগ করেন, "কোন ধর্মের মূল কথায় খারাপ কিছু নেই। যারা ধর্ম নিয়ে বিরোধ সৃষ্টি করে তারা মানুষরূপী অমানুষ। যে ধর্মের অনুসারী হোক না কেন নিজের ভেতরে সংকীর্ণতা না থাকলে কোন সমস্যাই হয় না। আমরা হাজার বছর ধরে হিন্দু, মুসলিম, বৌদ্ধ খ্রিস্টান পাশাপাশি থেকেছি। এ সময়েও সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখতে হবে।"

স্বাক্ষরিত/-

মোঃ ইফতেখার হোসেন

জনসংযোগ কর্মকর্তা

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

মোবাইলঃ ০১৭৭৫২২৫৬৯০